যখন বেলবিডিয়ারের দরবারে দেশের সম্ভ্রান্ত লোকদিগকে অহ্বান করিয়া ইডেন সাহেব এদেশীয় সম্বাদ পত্রের সম্পাদকদিগের প্রতি যদৃচ্ছা গালি বর্ষণ করেন, তখন এদেশীয়েরা অবাক হন। তাহারা গবর্ণরের মুখ হইতে এরূপ বাক্য প্রথম এই শ্রবণ করেন, উপাধি প্রদান উপলক্ষে ভদ্রলোকদিগকে নিজ গৃহে আহ্বান করিয়া প্রকারান্তরে তাহাদিগকে গালি দেওয়া যে রাজনীতি তাহা তাহারা প্রথম এই প্রত্যক্ষ করেন, এবং এম্প্রেস অব ইণ্ডিয়ার আজ্ঞা ক্রমে তাঁহার রাজভক্ত ও সদনুষ্ঠানশীল প্রজাদিগকে সম্মান করিবার সময় প্রকারান্তরে তাহাদিগকে অপমান করা যে ভদ্ররীতি ও লেফটেনেণ্ট গবর্ণরের পদোচিত কার্য্য তাহা তাহারা সর্ব্ব প্রথমে এই দেখেন। তাহারা ইহা দেখিয়া যদিও অবাক হয় তথাচ তাহারা মনকে এই বলিয়া প্রবোধ দেন। ইডেন সাহেবকে এ দেশীয়েরা চিরকাল মুরব্বি বলিয়া মান্য করে, পিতার ন্যায় ভক্তি করে, পিতা যেরূপ যে কোন অবস্থাতে পুত্রকে তিরস্কার করিয়া থাকেন ইনিও তাহাই করিয়াছেন। লোকে এই নিমিত্ত ইডেন সাহেবের এ ত্রুটি তত গুরুতর করিয়া লয় না। কলিকাতাবাসীরা ইডেন সাহেবের এই বাক্য প্রতিবাদ করার উদ্যোগ করিয়া শেষে এই নিমিত্ত ক্ষান্ত হয়।

ইডেন সাহেবের বেহার বিভাগের রিপোর্ট পাঠ করিয়া লোকে কেবল অবাক হয় না, তাহারা চমকিয়া উঠে। তিনি এই রিপোর্টে ... করদিগের পতন হইলে দেশের সর্ব্বনাশ হইবে। নীলকরেরা ভাল লোক মন্দ লোক যাহাই হউন কিন্তু ইডেন সাহেব জানেন যে এদেশের লোক নীলকরের নাম শুনিতে পারে না। ইডেন সাহেব ইহাও জানেন যে, এদেশের লোকের নীলকরদিগের উপর এরূপ রাগ কেন। বেহারে ভাল নীলকর থাকিতে পারেন, কিন্তু বেহারে নীলের জন্যে প্রতি বৎসর দুর্ভিক্ষ হয়, প্রতি দিন শত শত লোকের উপর অত্যাচার হয়, প্রজা ও জমিদার সমান অস্থির তাহাও তিনি জানেন। টেম্পল সাহেব বাঙ্গলা পরিত্যাগ করিবার সময় বেহার নীলকর সংক্রান্ত একটি গুরুতর ভার নিজ হস্তে গ্রহন করেন। টেম্পল সাহেব নীলকর সংক্রান্ত একটী মিনিটে লিখেন যে, বেহারের নীলকরেরা প্রজার উপর যেরূপ সচরাচর নিষ্পীড়ন করে তাহাতে মফস্বলের কর্ত্তৃপক্ষীয়দের ইহার প্রতি বিশেষ দৃষ্টি করা কর্ত্তব্য। তিনি এক বার এই রূপ লিখেন কিন্তু স্থানীয় কর্ত্তৃপক্ষীয়েরা তাহার আদেশের প্রতি তত মনোযোগ দেন না। তিনি এই নিমিত্ত আবার তাহাদের প্রতি ঐরূপ আদেশ করেন। তাঁহার এই রূপ লেখার পর ছয় মাসের মধ্যে বেহারের নীলকরদিগের সম্বন্ধে কত মকর্দ্দমা উপস্থিত হয়, তাহার সবিশেষ রিপোর্ট করিবার নিমিত্ত তিনি স্থানীয় মাজিষ্ট্রেটগণকে আদেশ করেন। এই আদেশ বাহির করিয়াই টেম্পল সাহেব বোম্বাইয়ে গমন করেন এবং ইডেন সাহেব বাঙ্গলার লেফটেনেণ্ট গবর্ণরী পদে নিযুক্ত হন। সুতরাং ইডেন সাহেব যে নীলকরদিগের রক্ষার নিমিত্ত এরূপ ব্যাকুলতা দেখাইয়াছেন তাঁহার পূর্ব্বকার লেটেফনাণ্ট গবর্ণরের তাহাদের সম্বন্ধে কি ভাব ছিল তাহা তিনি জানেন। তিনি ইহাও জানেন যে বঙ্গবাসীরা তাঁহার কেবল এক গুণে মোহিত হয়। তিনি নীলকরদিগের বিপক্ষে বীরের ন্যায় দণ্ডায়মান হন, এই নিমিত্ত বঙ্গবাসীরা তাঁহার নিকট কৃতজ্ঞতা পাশে আবদ্ধ হয়। যদিও তখন তাঁহার বাঙ্গলায় অতি সামান্য পদ ছিল এবং লেফটেনাণ্ট গবর্ণর গ্রাণ্ট সাহেবের বলে তিনি এরূপ কুন্দন করেন, তথাচ লোকে তাঁহার নিকট এই কার্য্যের নিমিত্ত চিরবাধিত হয়, এবং তিনি ইহা জানিয়াও নীলকরদিগের পতন হইলে দেশের সর্ব্বনাশ হইবে যখনবলেন তখন লোকে সশঙ্কিত হয়, কিন্তু লোকে এই কথা বলিয়া মনকে প্রবোধ দেয়। ইডেনসাহেব চিরকালএখানেথাকিবেন না,তাঁহার ক্যাম্বেল সাহেবের ন্যায় কর্ম্ম পরিত্যাগ অথবা টেম্পল সাহেবের ন্যায় পদোন্নতি হইয়া শীঘ্র বাঙ্গলা পরিত্যাগ করিতে না হউক, ৫ বৎসরের অধিক তিনি এখানে থাকিবেন না,সুতরাং তিনি নীলকরদিগের পক্ষ যত সমর্থনই করুন, তাহারা তাঁহার উৎসাহে যত উৎসাহিত হউক, ইহার সীমা আছে, কিন্তু তিনি প্রস্তাবিত লাইসেন্স ট্যাক্স সম্বন্ধে কি ভয়ানক কাণ্ডই করিলেন। যে দিন নূতন কর সংক্রান্ত আইনের পাণ্ডুলিপি সিলেকট কমিটির হস্তে অর্পিত হয়,সেদিন ষ্ট্রাচি সাহেব এই কয়েকটী কথা বলিয়া উহা সিলেকট কমিটির হস্তে অর্পণ করেন। "লাইসেন্স ট্যাক্স সম্বন্ধীয় আইনটি গবর্ণমেণ্ট এত ব্যস্ত হইয়া বিধিবদ্ধ করিতেন না। ইণ্ডিয়া গবর্ণমেণ্টের ইচ্ছা ছিল যে তাঁহারা আইনের আপাতত যে আকার আছে তাহা অপেক্ষা সাধ্যমত ভাল আকার প্রদান করিবেন। একটু সময় লইয়া এসম্বন্ধে ব্যবস্থাপকদিগের বিশেষ তর্ক বিতর্ক ও সাধারণের মতামত গ্রহণ করারও ইচ্ছা ছিল, কিন্তু ইডেন সাহেব বলিতেছেন যে, যে আকারে টেক্স নির্দ্ধারিত হইতেছে তাহাতে প্রজামাত্রে সন্তুষ্ট হইয়াছে, অতএব আর বিলম্ব করিয়া কাজ নাই, শীঘ্র শীঘ্র ইহা বিধিবদ্ধ যাহাতে হয় তাহা করা কর্ত্তব্য এবং তাঁহার পরামর্শানুসারে এটি আমরা শীঘ্র ২ বিধিবদ্ধ করিতেছি।"

অপর দেশের ন্যায় এখানে রাজ সভাতে প্রজার পক্ষ ও রাজার পক্ষ দুইটী দল নাই। এখানে লেফটেনাণ্ট গবর্ণর রাজার প্রতিনিধি ও প্রজারও প্রতিনিধি, প্রত্যুত বিলাতে ষ্টেট সেক্রেটরি ও ভারতবর্ষে সর্ব্বোপরি গবর্ণর জেনারেল থাকাতে ... প্রজার ... বলিলেও বলা যায়। অন্ততঃ ইংরাজ রাজ নৈতিজ্ঞেরা প্রজার পক্ষ সমর্থন হয় এই উদ্দেশ্যে স্থানীয় গবর্ণরের পদ সৃষ্টি করেন। এই নিমিত্ত ভারতবর্ষের প্রজারা যেরূপ উন্নতি ও রাজভক্তির চিহ্ন প্রদর্শন করে, তেমনি সেখানে চিফ কমিশনারের পরিবর্ত্তে লেফটেনাণ্ট গবর্ণর নিযুক্ত হন। সুতরাং ইডেন সাহেব যদিও রাজপ্রতিনিধি কিন্তু গবর্ণমেণ্টের ইচ্ছা যে তিনি প্রজার হিতও দেখেন। কিন্তু ইডেন সাহেব এ পর্য্যন্ত কার্য্যের দ্বারা যেরূপ দেখাইতেছেন তাহাতে বোধ হইতেছে যে বাঙ্গলাতে উপর্য্যুপরি কর বৃদ্ধি করিয়াওতাঁহার তৃপ্তি হইতেছে না,দুর্ভিক্ষের নিমিত্ত দেড় কোটী টাকার প্রয়োজন, ইডেন সাহেব ইচ্ছা করিয়া ইহার প্রায় অর্দ্ধেক বঙ্গবাসীদের স্কন্ধে নিঃক্ষেপ করিলেন এবং ইহাতেও তাঁহার তৃপ্তি হয় নাই। তিনি এখনও বলিতেছেন যে, কৈ বাঙ্গালিদের এখনও কিছু হয় নাই, বাঙ্গালির স্কন্ধে আরো ট্যাক্স নিঃক্ষেপ করা উচিত। বাঙ্গলার কোটি কোটি দরিদ্র উপায়বিহীন প্রজার রক্ষণাবেক্ষণ ভার বিধাতা ইডেন সাহেবের হস্তে অর্পণ করিয়াছেন। এদেশীয় প্রজারাও তাঁহাকে পিতার ন্যায় ভক্তি করে ও তাঁহার হস্তে তাহারা নিজ হিতাহিতের কর অর্পণ করিয়া নিশ্চিন্ত আছে। এরূপ অবস্থাতে এক একটী ভার বাঙ্গলার প্রজায় উপর নিক্ষিপ্ত হইতেছে আর ইডেন সাহেব যেরূপ আনন্দ ধ্বনি করিতেছেন তাহা তাঁহার করা উচিত কি না, ঊর্দ্ধে ও নিম্নের দিকে তাকাইয়া তাঁহার এক বার বিবেচনা করা কর্ত্তব্য।

ফল বাঙ্গলার প্রজাকে ভারাক্রান্ত করিয়া তিনি আনন্দিত হইলে আমরা কতক মনকে প্রবোধ দিতে পারিতাম। ইংরাজ মহলে এই রূপ রাষ্ট্র যে, বাঙ্গলার চিরস্থায়ী বন্দোবস্ত ভঙ্গ করা ও কতক গুলি নূতন কর স্থাপন করার প্রয়োজন হয় এবং এই দুরূহ কার্য্য নির্ব্বাহের নিমিত্ত ইডেন সাহেব অগ্রসর হন। কর্ত্তৃপক্ষীয়েরাও দেখেন যে, ইডেন সাহেব বাঙ্গলার বন্ধু বলিয়া আপনাকে পরিচয় দেন অথচ প্রকৃতপক্ষে ইনি গবর্ণমেণ্টের কৃতদাস এই জন্য অপর উপযুক্ত পাত্র রাখিয়া কর্ত্তৃপক্ষীয়েরা তাঁহাকে বাঙ্গলার শাসন ভার অর্পণ করেন। সুতরাং তিনি যে উদ্দেশ্যে বাঙ্গলার রাজপদ প্রাপ্ত হইয়াছেন সে উদ্দেশ্যে তিনি যত কৃতকার্য্য হইবেন ততই তাঁহার স্বার্থ সাধিত হইবে এবং ইহার নিমিত্ত তিনি যদি আনন্দিত হন তাহা হইলে তাঁহার উপর আমাদের ভক্তির স্নেহের লাঘব যতই হউক, ইহা এক রূপ সহ্য ... কিন্তু তিনি ভারতবর্ষের ব্যবস্থাপক সভাতে ... বলিলেন যে প্রস্তাবিত কর সম্বন্ধে বঙ্গবাসীরা ... সন্তুষ্ট হইয়াছে এবং কি রূপেই বা এই অমূলক ... দ্বারা ব্যবস্থাপকগণকে অবিলম্বে লাইসেন্স বিল ... বদ্ধ করিতে অনুরোধ করিলেন। তাঁহার যদি ... হইয়া থাকে যে কর সংক্রান্ত আইন বিধিবদ্ধ হইবার ... ইহা লইয়া কোন রূপ গোলযোগ উপস্থিত হইলে ... নিজের কোন স্বার্থের ক্ষতি হইবে এবং এই নিমিত্ত ... আপনাপনি কল্পনায় রচনা করিয়া ষ্ট্রাচি সাহেবকে ... প্রবৃত্তি জন্মাইয়া থাকেন, তথাচ তাঁহার এটিও বি... করা উচিত ছিল যে পুখুর চুরি চলে না। তিনি ... যে, ব্যবস্থাপক সভার দেশীয় সভ্যেরা এই করের প্র... করিয়াছেন, ইংলিশম্যান, ডেলিনিউস, ও ষ্টেসম্যা... যাবদীয় সম্বাদ পত্র ইহার প্রতিবাদ করিয়াছেন, ... আর কোন জন্য না হউক, আপন পদের দি... করিয়াও তাঁহার এরূপ আনুমানিক কথা বলা ... ছিল না।

—০—

দেশ রক্ষার উপায়।

দুই বৎসর হইল পুনা সার্ব্বজনিক সভা বোম্বাই প্রে... ন্সিতে একটি অমৃতময় বীজকণা নিঃক্ষেপ করেন। ... ইয়ে উহা ক্রমে শাখা প্রশাখা বিশিষ্ট প্রকাণ্ড বৃক্ষ ... অমৃতময় ফল প্রসব করিতেছে। পুনার সার্ব্বজনীক ... দেখেন যে, মকর্দ্দমায় দেশ উচ্ছিন্ন যাইতেছে। ত... ইহা নিবারণের নিমিত্ত কৃতসংকল্প হন। এই উ... সম্পন্ন করিবার নিমিত্ত ইন্দাপুর নামক একটি ক্ষুদ্র ... শালিসী বিচারালয় সংস্থাপন করেন। লোকে অবি... শুভকর ... বৎসর আ...িত হইতে না হইতে ...ন করে এবং ... স্থানে এই শালিসী বিচারালয় স্থাপিত হয়। ১৮৭৬ অব্দে পুনায় শালিসী বিচারালয় স্থাপিত হয়। পুনা নগ... একটী সভা আহূত হয়। সভাস্থ ব্যক্তিরা ৮২ জন নগ... বাসীকে শালিসী নিযুক্ত করেন। ইহারা বিনা বেত... এবং সুবিধামত বিচারালয়ে উপস্থিত হন। অর্থি প্রত্যর্থি... এই ৮২ জনের মধ্যে যাহাকে ইচ্ছা তাহাকে শালি... নিযুক্ত করিতে পারে এবং ইহারা উপস্থিত হইয়া মকর্দ্দ... নিষ্পত্তি করেন। গত বৎসর এখানে তিন হাজার মকর্দ্দ... নিষ্পত্তি হইয়াছিল। বোম্বাই প্রেসিডেন্সিতে এই ... বিচার প্রণালী এখনও দিন দিন বৃদ্ধি হইতেছে এবং ... আমরা শুনিলাম বোম্বাই রাজধানীতে এই রূপ শালিসী ... বিচারালয় সংস্থাপনের উদ্যোগ হইতেছে।

বোম্বাইয়ে যে শুভকর অনুষ্ঠান প্রচলিত হইয়াছে আমরা ... যত্ন করিলে এখানে উহা অনায়াসে স্থাপন করিতে পারি... বোম্বাইবাসীরা বলেন যে, বাঙ্গালিরা তাহাদের অপেক্ষা ... বিদ্যা বুদ্ধিতে শ্রেষ্ঠ। এদেশ হইতে যাহারা বোম্বাইয়ে ... গমন করিয়াছেন তাঁহাদেরও বিশ্বাস যে, বাঙ্গালিরা অনেক অংশে তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠ, সুতরাং বোম্বাইবাসীরা ... যে সদনুষ্ঠানে কৃতকার্য্য হইয়াছেন, আমরা যত্ন করি... সে সদনুষ্ঠানে কৃতকার্য্য হইতে পারি। আবার যে কার... তাহারা রাজ বিচার পরিত্যাগ করিয়া শালিসী বিচা... শ্রেয়স্কর মনে করেন আমরাও তাহা অনুকূর্ণ অনু... করিয়া থাকি। বাঙ্গালা দেশের প্রধান প্রধান ... পতন হইয়াছে ইহা সকলেই স্বীকার করি... বাঙ্গলার জমিদারেরা যে দিন দিন দায়গ্রস্ত হইয়া রসাত... যাইতেছেন ইহাও সকলে জানেন। মধ্যবর্ত্তী লো... যে দিন দিন নিরন্ন হইতেছেন ইহাও কাহারও অবিদি... নাই। আবার কৃষি কার্য্যের অদ্ভুত উন্নতি স্বত্বেও দরি... প্রজাদের দরিদ্রতা যে দূর হইতেছে না ইহা... সকলে স্বীকার করেন। ইহার এক মাত্র কারণ যে মকর্দ্দমা তাহা বোধ হয় সকলে এক বাক্য হইয়া বলিবেন... কিন্তু মকর্দ্দমায় কেবল এই সর্ব্বনাশ করিতেছে না, ইহা ... অপেক্ষা আরো সহস্রগুণ ক্ষতি করিতেছে। হিন্দু পরিবার ... দেব ধাম ছিল। এখানে কেবল লক্ষ্মী স্থিরভাবে ... করিতেন না, হিন্দু সমাজে ও ...

...মূর্ত্তিমান হইয়া বিরাজ করিতেন। মকর্দ্দমা সমুদয় বিনাশ করিয়াছে এবং অমৃত বিনাশ তদপরিবর্ত্তে পদ্মার স্রোতের ন্যায় গরল ঢালিয়া ।

১৮৬০-৬১ খৃঃ অব্দে বাঙ্গলায় ৪৪৯৬৮৫৩ টাকার ষ্ট্যাম্প হয়। ইহার দশ বৎসর পরে ৭০০৫৭২২ টাকার বিক্রয় হয়। আর চারি বৎসর পরে ৮৭৮৮০২৬ ... এবং ইহার পর বৎসর অর্থাৎ গত বৎসর ...৬৯ টাকার ষ্ট্যাম্প বিক্রয় হয়। অর্থাৎ ১৮৬০-৬১ অব্দে যে ষ্ট্যাম্প বিক্রয় হইয়াছিল তাহার ১৫ ... পরে উহার দ্বিগুণ অপেক্ষাও অধিক ষ্ট্যাম্প বিক্রয় কিন্তু ষ্ট্যাম্প দশ কি পাঁচ বৎসর অন্তর এই রূপ বিক্রয় হইতেছে না, ১৮৭৪ খৃঃ অব্দে ৮১৮০৩৬১ ...র ষ্ট্যাম্প বিক্রয় হয়, তাহার পর বৎসর ৮৭৮৮০২৬ ... ও গত বৎসর ৯১৮২৮৫৯ টাকার ষ্ট্যাম্প হইয়াছিল। অর্থাৎ ৭৩ ও ৭৪ খৃঃ অব্দে যত টাকার বিক্রয় হয় তাহার পর বৎসর তাহা অপেক্ষা ...৬৫ টাকার এবং আবার তাহার পর বৎসর অপেক্ষা ...বৎসর ৩৯৪৭৬৩ টাকার অধিক ষ্ট্যাম্প বিক্রয় হইয়াছে। ...মাজে এই রূপ বৎসর বৎসর ষ্ট্যাম্প বিক্রয় বৃদ্ধি ...ছে। এবং ব্যবস্থাপকেরা ষ্ট্যাম্প সম্বন্ধে যে নিয়ম ...তেছেন তাহাতে দেশের যে কি দুর্গতি হইবে তাহা ...ও চিন্তা করা যায় না। এদেশীয় লোকের মকর্দ্দমা ...না দিন দিন কিরূপ বৃদ্ধি হইতেছে, তদসম্বন্ধে গত বৎ-...র রিপোর্টে গবর্ণমেন্ট এই রূপ লিখেন ;—

গত কয়েক বৎসর হইতে এদেশে মকর্দ্দমার সংখ্যা যেরূপ ...হইতে থাকে ১৮৭৪ খৃঃ অব্দে তাহা দেখা যায় না, অপিচ ১৮৭৩ ...দ অপেক্ষা ৭৪ খৃঃ অব্দে কম মকর্দ্দমা রুজু হয়, কিন্তু ৭৫ খৃঃ অব্দে ...৭৪ খৃঃ অঃ অপেক্ষা ৪৪ হাজার মকর্দ্দমা অধিক উপস্থিত হয় নাই, ...খৃঃ অব্দ অপেক্ষাও ৩৩ হাজার অধিক মকর্দ্দমা রুজু হইয়াছে।

...দেশে শা- ... বোম্বাইবাসীরা এই ... বিস্তার করার [illegible] ...রিতেছেন। ...সী বিচার এই রূপ যত্ন করা উচিত। মকর্দ্দমা করিয়া যদি আমাদের কোন সম্প্রদায় লোকের শ্রীবৃদ্ধি হইত তাহা হইলে তাহারা এই সদনুষ্ঠান হইতে বিরত থাকিতে পারিতেন, কিন্তু যাহারা একবার মকর্দ্দমা করিয়াছেন তাহারা জানেন যে ইহাতে কত লাঞ্ছনা, কত ব্যয়, এবং তাহার পরিণাম কি বিষময়। অর্থি প্রত্যর্থি উভয়েই যে ...ষে এক দশাপন্ন হইয়া বিচারালয় হইতে বহির্গত হয় ...। যিনি একবার মকর্দ্দমা করিয়াছেন তিনিই ...নেন। তবে ইহাতে উকিল, মুক্তিয়ারের উপার্জ্জনের কিছু ক্ষতি আছে, আবার দুর্ভাগ্যের মধ্যে যে যদি এদেশে কস্মীনকালে এরূপ সদ্বিচারে প্রথা প্রচলিত হয় তাহা হইলে উকিলদিগের উদ্যোগেই হওয়ার সম্ভাবনা, কিন্তু আমরা জানি উকিলেরা এরূপ নীচ ওস্বার্থপর নহেনঅনেক উকিলের নিকট ঘরোয়া বিবাদ সংক্রান্ত মকর্দ্দমা উপস্থিত হইলে তাহারা ইহা আপনা অপনি নিষ্পত্তি করার যত্ন করিয়া থাকেন। কিন্তু শালিসী বিচার হইলে বা উকিল মুক্তিয়ারের কেন ক্ষতি হইবে ? শালিসী বিচারালয়ে উকিল মুক্তিয়ারের প্রয়োজন হইবে এবং তাহারা রাজ বিচারালয়ে যেরূপ ফিস পাইতেন শালিসী বিচারালয়েও তাহাই পাইবেন। এখন তাহারা যখন কোন শালিসী বিচারালয়ে গমন করেন তখন ফিশ পাইয়া থাকেন। শালিসী বিচারালয় হইলে যে অপেক্ষাকৃত সুবিচার হইবে তাহা বোধ হয় সকলেই স্বীকার করেন। ইহাতে অপেক্ষা-... বিস্তর কম ব্যয় হইবে তাহাও বোধ হয় সকলে ...নেন। আবার এখন যেরূপ মকর্দ্দমার সূত্রে আমাদের আত্মবিচ্ছেদ হইতেছে ইহাও যে কমিয়া যাইবে তাহাও এক রূপ নিশ্চিত। এরূপ সদনুষ্ঠান আপাততঃ কলিকাতায় হইবে না। যদি হয় তবে মফঃস্বলে আরম্ভ হইবে এবং মফঃস্বলের মধ্যে ঢাকা, বহরমপুর, কৃষ্ণনগর, রাজসাহী প্রভৃতি জেলায় সর্ব্বাগ্রে ইহার অনুষ্ঠান হওয়ার সম্ভাবনা। এই কয়েকটী জেলার লোক অপেক্ষাকৃত উন্নত এবং দেশহিতৈষী বলিয়া আমাদের বিশ্বাস আছে।

এদেশীয়েরা এই সদনুষ্ঠানে উৎসাহী হন এই নিমিত্ত আমরা উপরে উল্লেখ করিয়াছি যে, বোম্বাইয়ে অনেক অনেক স্থানে ইহা সংস্থাপিত হইয়া উহা দ্বারা সুচারুপূর্ব্বক কার্য্য চলিতেছে এবং বোম্বাই রাজধানীতে ইহার অনুষ্ঠান হইতেছে। আবার ডেকান হেরাল্ড লিখিয়াছেন যে, সুরাটে শালিসী বিচারালয় স্থাপন করিবার নিমিত্ত সম্প্রতি বেল্লার নবাবের গৃহে একটী বৃহৎ সভা আহুত হয়। নবাব সভাপতির আসন গ্রহণ করেন। তথায় সাব্যস্ত হয় যে, শালিসী বিচারের দ্বারা দরিদ্র প্রজার বিশেষ উপকার হইবার সম্ভাবনা এই নিমিত্ত সুরাটে একটী শালিসী বিচারালয় স্থাপন করা কর্ত্তব্য। সুরাটে যাহা হইয়াছে বাঙ্গলায় সম্ভবতঃ সকল স্থানে তাহা হইতে পারে। কেবল উদ্যোগের অভাব।

—oo—

১৮ই জানুয়ারি তারিখে নর্থ বেঙ্গাল রেলওয়ে খোলা হয়। লেফটেনেন্ট গবর্ণর ইডেন সাহেব উপস্থিত হইয়া উহা খোলেন। সার জর্জ ক্যাম্বেল এই রেলওয়েটী আরম্ভ করেন। যদি তিনি নিজ কার্য্য দোষে বাঙ্গালায় অপ্রিয় হইয়া না উঠিতেন তাহা হইলে সম্ভবতঃ তিনি ইহা খুলিয়া যাইতে পারিতেন। গবর্ণর বৃহস্পতিবারের সাড়ে সাতটার স্পেসেল ট্রেণে কলিকাতা হইতে যাত্রা করেন। ইহাঁর সঙ্গে অনেকগুলি প্রধান২ রাজপুরুষ ও এদেশীয় কয়েকজন ব্যক্তি গমন করেন। শুক্রবারের প্রত্যূষে ছয়টার সময় ইহারা ডামুদহাতে উপস্থিত হন। এখান হইতে ইহারা যমুনা নামক বাষ্পীয় পোতে পদ্মা পার হন। পার হইয়া সারা নামক স্থানে উপস্থিত হন। সারাতে উপস্থিত হইলে পাবনার প্রধান ২ জমিদার ও লর্ড ইউলিক ব্রাউন প্রভৃতি রাজপুরুষেরা তাঁহাকে অভ্যর্থনা করেন। লেফটেনেন্ট গবর্ণরকে অভ্যর্থনার্থ লর্ড ইউলিক ব্রাউন এখানে বৃহৎ আয়োজন ক... ...টার সময় ইডেন ...নে আবার ট্রেণে আরোহণ করিয়া ১০টার সময় আত্রাই ষ্টেশনে পৌঁছেন। এখানে একটা বৃহৎ সেতু আছে। এই সেতু নির্ম্মাণ না হওয়াতে এই রেলওয়ে এত দিন নিয়ম মত খোলা হয় নাই। উক্ত সেতুর উপর দিয়া রেলওয়ে শকট চালাইবার পূর্ব্বে ইডেন সাহেব যথা নিয়মে একটী উৎসব করিলেন। উৎসব সমাপন হইলে বাষ্পীয় শকট আবার ধাবিত হইল। অপরাহ্ণ তিনটার সময় ট্রেণ সৈদপুর ষ্টেশনে উপস্থিত হয়। সৈদপুর হইতে ইতি পূর্ব্বে দার্জিলিঙ্গে গাড়ি গতায়াত করিতেছিল। এই রেলওয়েটী নির্ম্মিত হওয়াতে বাণিজ্য ব্যবসায় ও গতায়াতের যে বিশেষ সুবিধা হইল তাহা বলা বাহুল্য। এখন এক জন অনায়াসে ২৪ ঘন্টায় দার্জিলিঙ্গে গমন করিতে পারিবেন। এই লাইন হইতে রঙ্গপুর পর্য্যন্ত একটী শাখা রেলওয়ে নির্ম্মাণ হইতেছে। এ শাখাটি এখনও প্রস্তুত হয় নাই। সৈদপুরে উপস্থিত হইলে রঙ্গপুরের জমিদারেরা ইডেন সাহেবকে এক খানি অভিনন্দন পত্র প্রদান করেন এবং তিনি জমিদারদিগের অভিনন্দন প্রাপ্ত হইয়া তাহাদিগকে, বলেন যে, রঙ্গপুরের রেলওয়ে খুলিলে সম্ভবতঃ প্রজাদের বিস্তর উপার্জ্জন হইবে এবং প্রজার ধন বৃদ্ধি দেখিয়া জমিদারেরা যেন ধন লোভ তৃপ্তির নিমিত্ত ব্যস্ত না হন। উপস্থিত জমিদারেরা সম্ভবতঃ ইডেন সাহেবের এই ভদ্র রীতিযুক্ত উত্তর প্রাপ্ত হইয়া আপনাদিগকে কৃতার্থ মনে করেন এবং তাঁহাকে শত সহস্র ধন্যবাদ দিতে২ গৃহে প্রত্যাবর্ত্তন করেন। সৈদপুরে একটী ক্ষুদ্র দরবার হয়। এক একটী দরবার হয় আর ইডেন সাহেব মনের বেগ বহির্গত করেন। তিনি ঢাকা ও বেলবিডিয়ারের দরবারে দেশীয় সম্বাদ পত্রের প্রতি তাঁহার যে বেগ ছিল তাহা প্রকাশ করেন। বেহারের দরবারে বেলবিডিয়ারে যে অভদ্রাচরণ করেন তাহার কৈফিয়ত সাধারণের নিকট প্রদান করেন। সৈদপুরের দরবারেও তিনি এই রূপ আর একটা কৈফিয়ত দিয়াছেন। আমাদের লেফটেনেন্ট গবর্ণর যে অতিশয় অনুগত প্রতিপালক ইহা সকলেই জানেন। তিনি ব্রিটীশ ব্রহ্ম হইতে তাঁহার কতকগুলি প্রিয় পাত্রকে আনিয়া চাকুরি দিতেছেন এবং এদেশীয় কতকগুলি লোক সম্বন্ধেও তিনি বিশেষপক্ষপাতীতা দেখাইতেছেন। ইহা ক্রমে দেশময় রাষ্ট্র হইয়া উঠিতেছে। তিনি তাঁহার এই অপরাধের কৈফিয়ত সৈদপুরে দরবারে দিয়াছেন। তাঁহার কৈফিয়তে সাধারণে সন্তুষ্ট হইয়াছেন কি না তাহা আমরা জানি না, কিন্তু আমাদের বিবেচনায় তাঁহার কৈফিয়ত লওয়া অপেক্ষা কৈফিয়ত দিতে হয় এরূপ কার্য্য না করিলেই ভাল হয়। তিনি ইহাতে কেবল নিজের ক্ষতি করেন না, তিনি যে উচ্চপদে আরোহণ করিয়াছেন সে পদের ক্ষতি করেন।

—o:o—

ও দিকে ইডেন সাহেব ব্যবস্থাপক সভাতে প্রকাশ করেন যে, প্রস্তাবিত কর সম্বন্ধে সকলই সন্তুষ্ট হইয়াছে, এ দিকে সম্বাদপত্রে প্রকাশিত হইয়াছে যে, প্রস্তাবিত কর সম্বন্ধে সাধারণ্য হইতে প্রতিবাদের উদ্যোগ হইতেছে। আমরা কেবল সম্বাদপত্রে ইহা দেখি নাই। সম্বাদপত্রে প্রকাশিত হইবার পূর্ব্বে আমরা ইহা অবগত ছিলাম। প্রস্তাবিত কর সম্বন্ধে কেবল প্রতিবাদ হইবে না, এই উদ্যোগে হয় ত এবার কলিকাতার রাজনৈতিক গৃহ বিচ্ছেদ অন্তর্হিত হইবে, এবং সর্ব্ব সম্প্রদায়ী রাজনৈতিক, সর্ব্ব সম্প্রদায়ী ধর্ম্মাবলম্বী, এবং সমাজের সর্ব্বপদস্থ লোক হয় ত এবার একমত হইয়া এই করের প্রতিবাদ করিবেন। আবার কলিকাতা হইতে কেবল ইহার প্রতিবাদ হইবে না, মফস্বলেও ইহার সেই রূপ ঘোর আন্দোলন হইবার সম্ভাবনা। কর্ত্তৃপক্ষীয়েরা এ দেশীয় উচ্চপদস্থ লোকদিগকে যত নীচ মনে করেন ইহারা তাহা নন। আপনার ক্ষতি হইবে এই নিমিত্ত তাহারা বোধ হয় নিরবে কোন অবিচার হইতে দিবেন না। কর্ত্তৃপক্ষীয়েরা যাহাই মনে করুন কিন্তু উকিল মুক্তিয়ার প্রভৃতি উচ্চপদস্থ লোকেরা এরূপ নীচ ও স্বার্থপর নন যে তাহারা কর ভার হইতে অব্যাহতি পাইয়াছেন বলিয়া কোটী কোটী দরিদ্র লোকের ক্রন্দন রবে বধির হইবেন। যদি ইনকম ট্যাক্স নির্দ্ধারিত হয় তাহা হইলে মহারাজা যতীন্দ্র মোহন ঠাকুরের বিস্তর কর দিতে হইবে এবং লাইসেন্স ট্যাক্স তাহাকে আদবে স্পর্শ করিবে না, তথাচ তিনি লাইসেন্স ট্যাকসের প্রতিবাদ করিয়া ইনকম ট্যাক্স সমর্থন করিয়াছেন। ইনকম ট্যাক্স হইলে রাজা দিগম্বরের বিস্তর ট্যাক্স দিতে হইবে, কিন্তু তথাচ তিনি ইনকম ট্যাক্সের পক্ষপাতী। ইহারা যেরূপ নিঃস্বার্থভাবে দরিদ্র প্রজাকে যত্ন দেখাইয়াছেন মফঃস্বলের উকিল মুক্তিয়ার ডাক্তারেরাও তাহাই দেখাইবেন। কলিকাতাবাসী অপেক্ষা মফঃস্বলবাসীরা জানেন যে লাইসেন্স ট্যাকস কি ভয়ানক কর এবং ইহাতে কি ভয়ানক উৎপীড়ন হইবে, সুতরাং তাহারা যদি ইহার প্রতিবাদ না করেন তাহা হইলে কেবল তাহাদের অধর্ম্ম হইবে না, দেশের মধ্যে ঘোর অত্যাচার আরম্ভ হইবে।

—o:o—

১৭ই তারিখে পার্লিয়ামেন্ট সভা আরম্ভ হয়। সভা আরম্ভের সময় কুইনের একটী বক্তৃতা লর্ড হাই চান্সেলার কর্ত্তৃক পঠিত হয়। কুইন বক্তৃতায় বলেন যে, বর্ত্তমান যুদ্ধ নিবারণ সম্বন্ধে গবর্ণমেন্টের কি করা কর্ত্তব্য তৎ বিষয় স্থির করিবার নিমিত্ত এবার এত পূর্ব্বে পার্লিয়ামেন্টের অধিবেশন হইল। কুইন বক্তৃতা আরম্ভ করিয়া শেষে প্রকাশ করেন যে, ইউরোপীয় রাজারা মধ্যবর্ত্তী হইয়া যুদ্ধ মিটাইয়া দেন। সুলতান এই নিমিত্ত সকলের নিকট প্রথম প্রার্থনা করেন তৎপরে কেবল ইংলণ্ডের নিকট এই রূপ প্রার্থনা করেন। রুশিয় প্রকৃত সন্ধি স্থাপন করিতে সম্মত আছেন কিনা ইংলণ্ড তাহা তাঁহার নিকট জিজ্ঞাসা করেন। রুশিয়ার সম্রাট সন্ধির নিমিত্ত আগ্রহ দেখাইয়াছেন। ইংলণ্ডের দ্বারা আপাততঃ তুর্ক ও রুশিয়ায় এই সম্বন্ধীয় কথ বার্ত্তা চলিতেছে। কুইন ভরসা করেন সত্বর যুদ্ধের শেষ হইবে। এ পর্য্যন্ত রুশ ও তুরস্ক উভয়েই ইংলণ্ডের ক্ষতি হয় এরূপ কার্য্য করেন নাই এবং কুইন ভরসা করেন তাহাদের কর্ত্তৃক এরূপ কার্য্য হইবেও না। যে পর্য্যন্ত তাহারা এরূপ কোন কার্য্য না করেন তদবধি ইংলণ্ড এখানকার ন্যায় নিরপেক্ষ থাকিবেন। তবে যুদ্ধ যদি দীর্ঘ কাল চলে তাহা হইলে হয় ত ইংলণ্ড ইহাতে ব্যাপৃত হইতে পারেন, সুতরাং পূর্ব্বাহ্নে ইহার উদ্যোগ করা কর্ত্তব্য এবং এই নিমিত্ত কুইন ভরসা করেন, যুদ্ধের আয়োজন করিতে ...

ব্যয় আবশ্যক পার্লিয়ামেণ্টের সভ্যেরা তাহা মঞ্জুর করিবেন। কুইন তৎপরে বোম্বাই ও মান্দ্রাজের দুর্ভিক্ষ নিবারণার্থে স্থানীয় কর্তৃপক্ষীয়েরা এবং ইংলণ্ড ও অপর স্থানবাসীরা যেরূপ যত্ন ও অর্থ দ্বারা সাহায্য করেন তাহার উল্লেখ করেন। কুইন প্রকাশ করেন যে, দুর্ভিক্ষের কারণ অনুসন্ধান করিবার নিমিত্ত একটি কমিশন নিযুক্ত হইবে। তিনি বলেন যে, বিদেশীয় রাজাদিগের সঙ্গে ইংলণ্ডের সদ্ভাব আছে। কাফ্রিদের সঙ্গে আপাতত ইংলণ্ডের যে গোলযোগ উপস্থিত হইয়াছে কুইন ভরসা করেন সত্বর তাহার অবসান হইবে।

—oo—

তারে সম্বাদ আইসে যে অষ্ট্রিয়া ইংলণ্ডের সঙ্গে যোগ দিয়াছেন। অষ্ট্রিয়া ও ইংলণ্ড এক মত হইয়া বলিয়াছেন যে তাহারা তুর্কি ও রুশিয়াকে স্বতন্ত্র হইয়া সন্ধি স্থাপন করিতে দিবেন না এবং ১৮৫৬ খ্রী অব্দে পারিসে যে সন্ধি স্থাপন হয় তাঁহারা যদি তাহার বিপরীত কোন সন্ধি স্থাপন করিবার যত্ন করেন তাহা হইলে ইহারা তাহার প্রতিবাদ করিবেন। ইংলণ্ড যদি এখন অষ্ট্রিয়াকে হাত করিতে পারেন তাহা হইলে তাহার ভারি জিত হইবে এবং তুর্কির তাহা হইলে বিশেষ মঙ্গলের বিষয় কিন্তু যদিও তারে এ সম্বাদ প্রকাশিত হইয়াছে তথাচ পার্লিয়ামেণ্ট খুলিবার সময়ে মহারাণী ইহার কোন উল্লেখই করেন নাই। আবার শুক্রবার এই সম্বাদ প্রকাশিত হয় এবং তাহার পর এ সম্বন্ধে আর কোন সম্বাদ প্রকাশিত হয় নাই। এই নিমিত্ত অনেকে এই শুভকর সংবাদের উপর নির্ভর করিতেছেন না। ইংলিশম্যান ইহা এক রূপ অগ্রাহ্য করিয়াছেন।

—o:o—

আমরা গতবার ইংরাজী স্তম্ভে প্রকাশ করি যে, হাইকোর্টের জজেরা রাজা যোগেন্দ্রনাথের দুই বৎসর কারাবাসের পরিবর্ত্তে দুই মাস কারাবাস ভোগ করিতে এবং ৫০হাজার টাকারজরিমানা পরিবর্ত্তে১৫হাজারটাকা জরিমানা দিতে আজ্ঞা দিয়াছেন। অনেকে আশা করিয়াছিলেন রাজা যোগেন্দ্রকে হাইকোর্টের জজেরা ছাড়িয়া দিবেন. সুতরাং যাহারা এই রূপ আশা করিয়াছিলেন তাহারা হাইকোর্টের বিচারে নৈরাশ হইয়াছেন। তবে রাজা শীঘ্র মুক্ত হইবেন শুনিয়া তাহারা কতক আনন্দিত হইয়াছেন। রাজার জরিমানা রাজ সাহীতে আমানত করার আজ্ঞা হইয়াছে। সেখানে আমানত হইলে তিনি কারামুক্ত হইবেন।

জেনারেল কে এবং তাঁহার সৈন্য দল প্রত্যাবর্তন করিয়াছেন কিন্তু তিনি আবার কবে সার্গাসাতে গমন করেন তাহার কোন স্থির নাই। ৯ সংখ্য সৈন্যদল কেবল মাকিদন দুর্গে অবস্থিতি করিতেছে, আর সমুদয় পেশোয়ারের সৈন্য দল জেনারেল কের সঙ্গে মিলিত হইয়াছে। পাঁচশত আগ্রো আফ্রিদি গত কল্য পাশ দিয়া গমন করিয়া জোয়াকিদিগের সঙ্গে মিলিত হইয়াছে। কাপ্তেন অটশন ১৭ই তারিখে অশ্বারোহী সৈন্য লইয়া আসিবার সময় তাঁহার প্রতি বিপক্ষেরা গুলি নিক্ষেপ করে। দুইটি অশ্ব বিপক্ষ কর্ত্তৃক হত হইয়াছে।

—oo—

মফঃস্বল হইতে অনেকে জানিবার জন্যে ব্যগ্র হইয়াছেন যে, বাবু কালীচরণ বন্দ্যোপাধ্যায় নিয়ম মত হাইকোর্টে কার্য্য করিতেছেন কিনা? যাহারা ইহা জানিবার জন্যে ব্যস্ত হইয়াছেন তাহারা আমাদের ইংরাজি স্তম্ভ পাঠ করিলে ইহার উত্তর পাইতেন। বাবু কালীচরণ নিয়মমত হাইকোর্টে কার্য্য করিতেছেন এবং অনেকে যেরূপ ভরসা করিতেছেন আমরাও সেই রূপ ভরসা করি যে তিনি সেখানে কৃতকার্য্য হইবেন।

—o:o—

জোয়াকি যুদ্ধ সম্বন্ধে ১৬ই জানুয়ারিতে এই তারের সম্বাদ প্রকাশিত হইয়াছে যে, পেশোয়ারের সৈন্যদল
কটী মাত্র বিদ্র

করিবে। এই রূপ রাষ্ট্র যে, সোয়াতের আখন্দের মৃত্যু হইয়াছে।

—o—

১৮ই তারিখে পেশোয়ার হইতে যে সম্বাদ আসিয়াছে তাহাতে প্রকাশ যে, জেনারেল রুশের সৈন্যদল ভাল আছে। সৈন্যেরা কোহাত পাশ দিয়া প্রত্যাবর্ত্তন করিতেছে। ইহার কারণ প্রকাশিত হয় নাই। দুই দল সৈন্য সার্গাসাতে গমন করিতেছে।

—oo—

জেনারেল রুশের সৈন্যদল মঙ্গলবারে কোহাত দিয়া প্রত্যাবর্ত্তন করিয়াছে। এই রূপ রাষ্ট্র যে জেনারেল কের সৈন্যদলের মধ্যে এক জন কর্ম্মচারী ও ৬ জন সৈন্য আহত হইয়াছে।

—o:o—

কেপ গুডহোপ গাইকাস নামক আদিম বাসন্দারা ইংলিশ গবর্ণমেণ্টের বিরুদ্ধে অস্ত্র ধারণ করে। ইহাতে ভয়ানক যুদ্ধ হয়। পরিণামে ইংরাজদিগের জয় হইয়াছে।

বিজ্ঞাপন।

পাইকপাড়া নরসারি।

বিনীতভাবে সর্ব্বসাধারণকে নিবেদন করিতেছি যে,এ বৎসর আমি অনেক নূতন গাছ ফুল ইত্যাদি বৃদ্ধি করিয়াছি, যথা ৫০ রকমের অকৃত্রিম আমের কলম ১৫০ রকমের ... ও অধিকাংশ সুগন্ধযুক্ত ... বার অসীম রকমের চিরস্থায়ী ফুল, লতা ফোটন ইত্যাদি। ইহাদের মুল্যের তালিকা দুই আনার টিকিট পাঠাইলে ডাকযোগে প্রেরিত হইবে। এই তালিকায় গাছের লাটিন ও বাঙ্গালা নাম, কিরূপে উহা রোপণ ও প্রস্তুত করিতে হয় ইত্যাদি বিবিধ বিবরণ লিখিত আছে।

এই বৎসর নারসরির চাঁদা পোনের টাকা হইতে তেরো টাকা করা হইয়াছে। এই রূপ কমানতে সাধারণের বিশেষ সুবিধা হইবে। ভরসা করি স্বদেশ হিতৈষিগণ এ দেশীয় নারসরিটি যাহাতে বজায় থাকে তৎপক্ষে বিশেষ যত্নবান হইবেন। গ্রাহকগণ অর্দ্ধেক মূল্য ও অপরে সম্পূর্ণ মুল্য প্রদান করিলে জিনিস সমস্ত পাঠান যাইবে। গ্রাহকগণকে দেশী ও বিলাতী বীজ বাদে জুন ও জুলাই মাসে বাছা বাছা চিরস্থায়ী লতা ও ফুলগাছের বীজ দেশদেশান্তর হইতে আনয়ন করিয়া রোপণ প্রণালী সমেত পাঠান যাইবে।

শ্রীনৃত্যগোপাল চট্টোপাধ্যায়।
পাইকপাড়া নরসারি, কলিকাতা।

যুদ্ধ সম্বন্ধীয় তারের সম্বাদ।

১৬ জানুয়ারি। ইংলণ্ডে অনেক গুলি সভা আহুত হয়। সভাস্থ ব্যক্তিদের মতে যুদ্ধ সম্বন্ধে ইংলণ্ড বরাবরি যে নিরপক্ষ ভাব দেখাইতেছেন এখনো সেই রূপ নিরপক্ষ ভাব দেখান কর্ত্তব্য। রুশিয়া হেড কোয়ারটার কেজনলি নামক স্থানে উঠাইয়া লওয়া হইয়াছে। কনেষ্টেণ্টিনোপোল হইতে সম্বাদ আসিয়াছে যে ১৪ ই তারিখে তারতারবাজডিবিক এবং ফিলিপোপোলিসের মধ্যে একটী গুরুতর যুদ্ধ আরম্ভ হইয়া পরদিন পর্য্যন্ত ঐ যুদ্ধ থাকে। এই যুদ্ধের পূর্ব্বে সলিমান পাশা ফিলিপোপোলিসের যত দূরে ছিলেন যুদ্ধের পর তিনি ইহার তদপেক্ষা নিকটবর্ত্তী হইয়াছেন। ফিলিপোপোলিসের বাসন্দরা বাস গৃহ পরিত্যাগ করিয়া পলায়ন করিবার আজ্ঞা প্রাপ্ত হইয়াছে। রুশেরা সারপান নামক স্থানে উপস্থিত হইয়াছে।

১৭ জানুয়ারি। মাঞ্চেষ্টার, বামিংহম,ব্রিষ্টল, প্রভৃতি স্থানে চেম্বার অব কমার্সের মতে যুদ্ধ সম্বন্ধে ইংলণ্ডের এখনকার ন্যায় নিরপেক্ষ থাকা কর্ত্তব্য। রুশ জেনারেল তুর্কির দুর্গচতুষ্টয় অধিকার করিবার ভার গ্রহণ করিয়াছেন। অসহ্য শীতের নিমিত্ত রুশ ও তুর্কেরা ভারি কষ্ট পাইতেছে। মিধাত পাশা ১ লা জানুয়ারিতে লণ্ডনে আহুত হন। এই রূপ রাষ্ট্র যে তিনি আপাতত যুদ্ধ স্থগিত করার যে কথা হইতেছে তদসম্বন্ধে পরামর্শ করিবার নিমিত্ত লণ্ডনে যাইতেছেন। ক্রিটের মধ্যে কানিয়া নামক স্থান হইতে তারে সম্বাদ আসিয়াছে যে অনেকগুলি খৃষ্টান পরিবার রেটিমো নামক স্থানে প্রবেশ করার যত্ন করে, কিন্তু তুর্কিবাসীরা তাহাদের বাধা জন্মায়। তুর্কিবাসীরা ইহাদের প্রতি অত্যাচার করে এবং দ্বার রুদ্ধ করিয়া তাহাদের আগমন অবরোধ করে। তুর্কেরা অস্ত্র হস্তে

হেনরী ইলিয়েট বায়েনার ব্রিটিস আম্বেসাডার পদে নিযুক্ত হ... অষ্ট্রীয়া ও ইংলণ্ড তুর্কিকে অবগত করিয়াছেন যে, আপাতত যু... তের পক্ষে তাহাদের কোন আপত্তি নাই! তবে পারিসে ১৮৫৬ খ... যুদ্ধ স্থাপন হয় তাহার বিপরীত কোন সন্ধি তুর্কি ও রুশিয়ার... স্থাপন করিলে তাহারা বাধা জন্মাইবেন। গ্রিসবাসীরা অস্ত্র... করিতেছে। বোধ হয় থেসিলি ও ইপিরাসে সত্বর গোলযোগ ... হইবে।

১৮ জানুয়ারি। শিপকা পাশ অধিকার করিতে রুশদিগের ... জন লোক নষ্ট হয়। রুশিয়েরা ফিলিপোপোলিস অধিকার ... আড্রিয়েনোপোলে প্রবেশের উদ্যোগ করিতেছে। বলগরিয়াতে অ... যুদ্ধ স্থগিত হইয়াছে। পার্লিয়ামেণ্টের বুলুবুকে প্রকাশিত হইয়... লর্ড ডার্বি বরাবরি সুলতানকে স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, ইংলণ্ড হইতে কোন সাহায্য পাইবেন না।

১৯ জানুয়ারি। আড্রিয়েনোপোল হইতে সম্বাদ আসিয়া... সেখানে যত লোক ছিল তাহারা কনেষ্টেটেণ্টিনোপোলে পলায়ন ... তেছে। সুলতান আজ্ঞা দিয়াছেন যে, কনেষ্টেণ্টিনোপোল যত ... অস্ত্র ধারণ করিতে পারে তাহারা সকলে একত্রিত হইয়া টিচাটি... রেলওয়ে রক্ষা করিবে।

২০শে। রুশেরা হার্মেণ্টি নামক স্থান অধিকার করি... আড্রিয়ানোপোলের সম্মুখবর্ত্তী হইয়াছে। তুর্কেরা এই স্থান প... করিয়াছে। সলিমান পাশার সৈন্য পলায়ন করিতে না পারে... তাহার উদ্যোগ করিতেছে। রোমলিয়াতে যে সমুদয় সৈন্য ... তাহারা গমন করিতেছে। থেসিলিতে গোলযোগ উপস্থিত হইয়াছে।

২১শে। সলিমান পাশা তাহার সমুদয় সৈন্য লইয়া রোম... রেডিপ পর্ব্বতে ... দক্ষিণে ... তুর্ক প্রতিনিধি নিযুক্ত হইয়াছেন তাহারা ... যুদ্ধ স্থগিত সম্বন্ধে সে... উপস্থিত হইয়াছেন। বলগরিয়াতে যুদ্ধ স্থগিত হইয়াছে। পূর্ব্বে যে ... প্রকাশিত হয় সে অলীক। কনেষ্টেণ্টিনোপোলের সৈন্যাধ্য... গাজি আহাম্মেদ মুক্তিয়ার নিযুক্ত হইয়াছেন। তারতারবা... ও ফিলিপোপোলিশের মধ্যস্থানে যে সমুদয় স্থান আছে তুর্কের... বিনষ্ট করিতেছে। মেসিডোনিয়াতে রাজবিদ্রোহ উপস্থিত হইয়...

২২শে। রুশেরা কি নিয়মে সন্ধি স্থাপন করিবেন ইংলিশ... মেণ্ট তাহা এখনও অবগত হন নাই। রুশেরা আড্রিয়ানো... অধিকার করিয়াছে।

সংবাদ।

—মান্দ্রাজ বিভাগে ইতি মধ্যে এক জন স্কুল ইনেস্পেক্ট... বেলা ঠিক দুই প্রহরের সময় কতকগুলি দস্যুতে আক্রমণ করে। ... অস্ত্র শস্ত্র লইয়া তাহাকে আক্রমণ করে না, প্রস্তর ও ... নিক্ষেপ দ্বারা তাহাকে পরাভূত করিয়া তাহার সর্ব্বস্ব হরণ করার... করে। আরো আশ্চর্য্যের বিষয়এই,সাহেবের সঙ্গে এদেশীয় যাহার... তাহারা দস্যুদিগের সহিত যোগ দিয়া তাহাকে আক্রমণ করা... করে। সাহেব ইতিমধ্যে পতিত হন। ভয়ে পতিত হন কিনা ... প্রকাশিত হয় নাই, তবে পতিত হইয়া আঘাত পান এবং এই ... তাহার অনুচর এ দেশীয় কেরানি ও চাপরাশি তাহাকে লইয়া ... এবং দস্যুরা পলায়ন করে।

—হিন্দুহিতৈষিণী বলেন, আমাদিগের এক জন বান্ধব একটী ... সংবাদ প্রেরণ করিয়াছেন। বরিশালের অন্তর্গত হাটরিয়া নাম... বাবু গোপাল লাল ঠাকুরের এক কাছারি আছে। গত ২৮শে ... হায়ণ রাত্রি দ্বিতীয় প্রহরের সময় প্রায় ১০০ অস্ত্রধারী লোক কাছ... প্রবেশপূর্ব্বক পেস্কার সদর মুন্সি ও অন্যান্য আমলাদিগের ঘর ... নগদ, সোনা রূপার জিনিস এবং মূল্যবান বস্ত্রাদিতে প্রায় ৫০০ ট... অধিক অপহরণ করিয়াছে। মালখানায় লোহার সিন্দুকে প্রায় ... টাকা ছিল, দস্যুগণ তাহাতেও আঘাত করিয়াছিল, কিন্তু রাত্রি ... হওয়াতে তাহা লিতে পারে নাই। এই কাছারিতে ভদ্র অ... হিন্দুস্থানী ও দেশীয় প্রহরী এবং দোকানদার ও বেশ্যা প্রভৃতিতে ... ২০০ লোক আছে, তদ্ভিন্ন কাছারির নিকটেই প্রসিদ্ধ ধনশালী ... মিয়া ও রহিমদ্দী সিকদার প্রভৃতির বাটী, ইহাদের প্রত্যেকের বা... ২০। ২৫ কি ততোধিক প্রহরী থাকে। গ্রাম খানিতে অনুমা... লোকের বাস, এ অবস্থায় তস্করেরা নির্ব্বিবাদে একটী প্রসিদ্ধ ক... হইতে জিনিসপত্র হরণ করিল, তাহা কেহই জানিতে পারিল না, ... আশ্চর্য্যের বিষয়।

—স্মিথ সাহেব ঢাকার কমিশনার হইয়া তথায় গমন করিয়াছেন।

—টেম্পল সাহেব গত মঙ্গলবার রাত্রে মেল ট্রেণে কলি... পরিত্যাগ করিয়াছেন। তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিবার নিমিত্ত হা... বিস্তর লোক উপস্থিত ছিলেন।

—এবার বি, এ, পরীক্ষা ভারি কঠিন হইয়াছিল। দুই... ছাত্রের মধ্যে সবে ৬৮ জন ছাত্র উত্তীর্ণ হইয়াছে।

—রাইস নামক এক জন সিবিলিয়ান তাহার উপরস্থ ... অপমানসূচক পত্র লিখেন। এই নিমি...

গাড় হাট হইতে সংবাদ আসিয়াছে যে ৯ই তারিখে গারোরা পার্ব্বতীয় পুলিশের এক জন শান্ত্রিকে গুলি করিয়া বধ করে। তারিখে লেপটনাণ্ট ম্যাকগ্রেগরের অধীনে এক রেজিমেণ্ট সৈন্য মাতে পৌঁছায়। শুনা যাইতেছে এক জন সিপাহী সৈন্য দের সঙ্গে মিশিয়া তাহাদের সেনাপতি হইয়াছে।

পাইওনিয়ার সংবাদ পাইয়াছেন যে, কনোমা ও জটসোমা নামক দের দুইটি প্রধান গ্রামের অধিবাসীগণ কাপটেন উইলিয়মসনের ট বশীভূততা স্বীকার করিয়াছে। ছোট২ গ্রামের অধিবাসীদেরও বশীভূত হইবার সম্ভাবনা। কাপটেন ব্রাইডেন, কার্ণেগি বকে ১৫ই তারিখে সামাগুটিঙ্গে আনয়ন করেন। কার্ণেগি সাহেব ই আরোগ্য হইতেছেন। আসামের চিফ কমিশনার ২০শে খে নাগা পর্ব্বত মুখো গমন করিবেন।

—শ্রীহট্টের সেটলমেণ্ট আফিসর বেকেট সাহেবের মৃত্যু হইয়াছে। হাতি চড়িয়া যাইতেছিলেন। হঠাৎ হাতিটী মৃত্তিকায় পতিত হয়। ট সাহেব সেই সঙ্গে পড়িয়া যান। হাতি ভয় পাইয়া খেপিয়া ও তাহার দন্ত বেকেট সাহেবের উরুদেশে বসাইয়া দেয়। তৎ শূঁড় দিয়া তাঁহার মস্তক ও পিঠে আঘাত করে। নাতোয়ানপুর বাগিচায় তাহাকে লইয়া যাওয়া হয় এবং সেখানে এক জন রোপীয় ডাক্তার তাহাকে বাঁচাইবার নিমিত্ত বিস্তর চেষ্টা করেন, অবশেষে তাঁহাকে মৃত্যুগ্রাসে পতিত হইতে হয়।

গত বৎসর লীন নামক এক জন ইংরেজ যাদুকর এদেশে আগমন । ইনি রাঙ্গুনে কোন ডিমওয়ালার নিকট হইতে দুই আনা দুইটী ডিম ক্রয় করেন। ঐ ডিম দুটি তিনি ডিমওয়ালার সম্মুখে য়া ফেলেন এবং উহা ... করেন। লীন ডিমওয়ালা জানিত না এবং সে ... র যে লইতে অস্বীকার হয়। লীন সাহেব হাসিতে হাসিতে যান। ডিমওয়ালার নিকট আরো অনেকগুলি ডিম ছিল। সে ইহার সকল গুলিতেই বুঝি স্বর্ণ মুদ্রা আছে। ইহা ভাবিয়া কে একে সমস্ত ডিম গুলি ভাঙ্গিয়া ফেলিল এবং উহা ভাঙ্গিয়া হা প্রাপ্ত হয় তাহা বলা বাহুল্য।

গবর্ণমেণ্টের নিজের কাজের বেলা তাঁহারা যথেষ্ট টাকা প্রাপ্ত হন, দেশের উপকারার্থে যখন অর্থের প্রয়োজন হয় তখন গবর্ণমেণ্ট "টাকা " রব ধরেন। সিমলা গবর্ণমেণ্ট হাউস প্রস্তুত করিবার নিমিত্ত মেণ্ট এক লক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন কিন্তু দিল্লি কলেজটী পুনঃ করিবার প্রস্তাব করিলে গবর্ণমেণ্ট "টাকা নাই" বলিয়া চূড়ান্ত ব দিয়া বসেন।

প্লেবনার তুর্ক সৈন্যদের দুরবস্থা শুনিলে অতি পাষাণ হৃদয়ও ...গ- । এরূপ দুরবস্থার বিষয় বোধ হয় কেহ কখন শুনে নাই। নিউসের সংবাদ দাতা প্লেবনা পতনের পর উহার মধ্যে প্রবেশ রন। যে ভয়ানক ব্যাপার তাহার দর্শন করিতে হয় তাহা তিনি এই প বর্ণন করিয়াছেন। "প্লেবনাকে একটী নরক কুণ্ড বলিলে অত্যুক্তি না। কল্পনা দ্বারাও উহার শতাংশের এক অংশ কষ্ট মনে ধারণ যায় না। প্লেবনা রক্ষার সময় ওসমান পাশা পীড়িত ও আহত দের সেবা সুশ্রূষার কোন বন্দবস্ত করেন না। সুতরাং যখন ওস- শা ইহাদিগকে পরিত্যাগ করিয়া রুস সৈন্য ব্যূহ ভেদ করিতে ক্রু হস্তে পতিত হন তখন তাহারা সম্পূর্ণ নিরুপায় অবস্থায় পতিত ইহারা কুকুর শিয়ালের ন্যায় ঘোরতর শীতের মধ্যে তুষারাবৃত য় পড়িয়া থাকে। কোন কোন গৃহ ইহাদের মৃতদেহে পরিপূর্ণ হয়। ও শত শত মুমূর্ষ ব্যক্তি এক বিন্দু জলের জন্য বদ্ধ পরিকর হইয়া রর নিকট প্রার্থনা করিতেছে এবং কোথাও কোথাও সহস্র ২ ত ব্যক্তিদের কাতর ধ্বনিতে গগন বিদীর্ণ হইয়া যাইতেছে। রুসি রা প্লেবনায় প্রবেশ করিয়া এত আনন্দে উন্মত হয় যে তাহারা এই ব্যক্তিদের দুরবস্থা নিবারণের কোন চেষ্টাই করে না। দুই দিন তাহারা ইহাদিগের প্রতি চক্ষু নিঃক্ষেপ করে। কিন্তু এই দুই দিনের সহস্র সহস্র লোক মুমূর্ষাবস্থাপন্ন হয়। মৃত দেহ সমাধির ভার গরিয়ানদের উপর অর্পিত হয়। তাহারা মৃত ও মুমূর্ষ তুর্কদিগকে ত্র করিয়া সমাধি দেয়! এই রূপে বিস্তর লোক যাহারা যত্ন দ্বারা প্রাপ্ত হইত তাহাদিগকে হত্যা করা হয়।" আশ্চর্য্যের বিষয় এই দ্ধের এই ভয়ানক মূর্ত্তি অথচ প্রায় পৃথিবীর সমস্ত লোক সমর ক্ষেত্রে করিবার নিমিত্ত অনবরত ব্যস্ত।

যুদ্ধ সম্বন্ধে এই সম্বাদটী প্রকাশিত হইয়াছে। ১৬ই জানুয়ারিতে খোলা নামক স্থানে একটী সংগ্রাম হয়। ইহাতে মেজর রাইস ঘোর- রূপে আহত হইয়াছেন। প্রধান হাবিলদার হত হইয়াছে। বিপক্ষ কত লোক মরিয়াছে তাহার ঠিকানা হয় নাই। ১৭ই তারিখে আর টী সংগ্রাম হয়। ইহাতে বিপক্ষের ৫ জন হত এবং ইংলিস গবর্ণ- পক্ষে এক জন সিপাহি আহত হয়। এই স্থান হইতে ১৯ শে যে সম্বাদ আসিয়াছে তাহাতে প্রকাশ হইয়াছে যে, নারুখোলাতে ভাল আছে। তবে বিপক্ষেরা গোপনে আসিয়া এক জন শাস্ত্রিকে য়াছে।

...র ঘোড়ার দৌড় লইয়া ভারি গোলযোগ উপস্থিত হয়। ভাল কৈফিয়ত দিতে না পারিলে তাহার অশ্ব ঘোড় দৌড়ে যাইতে পারিবে না। কবেট সাহেব এই নিমিত্ত ষ্টিওয়াডের নামে অভিযোগ করিতেছেন।

—সেবার বেহারে যেরূপ গবর্ণমেণ্ট লোককে আহার না দিয়া চাউল গোলাবদ্ধ করিয়া রাখেন মান্দ্রাজে প্রায় তাহাই হইয়াছে। কাদাপা এবং অন্যান্য স্থানে গবর্ণমেণ্টের যে সমুদায় চাউল উদ্বর্ত্ত হইয়াছে তাহা কর্ত্তৃপক্ষীয়েরা নিলাম করিয়া বিক্রয় করিয়াছেন কিন্তু মহাজনেরা একজুঠ হইয়া ইহা নাম মাত্র মূল্য দিয়া ক্রয় করিতেছে। কর্ত্তৃপক্ষীয়েরা এই জন্যে বিবেচনা করিয়াছেন যে চাউল নিলাম করিয়া খুজুরা বিক্রয় করি- বেন এবং তাহারা বিবেচনা করেন যে, বাজার দর অপেক্ষা অল্প মূল্যে বিক্রয় করিলে বোধ হয় সমুদায় চাউল বিক্রয় হইবে, অথচ অপেক্ষাকৃত অধিক আয় হইবে।

—সিবিল ও মিলিটরি গেজেটে প্রকাশিত হইয়াছে যে, ৮ই তারিখে পার্ব্বতীয়জাতি একদল নরশেরা নামক স্থানে উপস্থিত হইয়া দুই জন পোলিশম্যানকে হত করিয়া তাহাদের অস্ত্র শস্ত্র লইয়া পলায়ন করে। এই স্থানে অনেকগুলি দেশীয় ও ইউরোপীয় সৈন্য আছে। এখানে পার্ব্বতীয় লোকের এরূপ উপদ্রব যে বিনা অস্ত্রে কাহার গৃহে দিনে কি রাত্রে অবস্থিতি করা অসম্ভব, অন্ধকারে ত কাহারও বাহিরে যাইবার সাধ্যই নাই।

—নেপালে ভূমির কর আদায় সম্বন্ধে প্রজার উপর ভারি নিষ্পীড়ন হইত, কিন্তু নেপাল দরবার এখন নিয়ম করিয়াছেন যে, প্রতি পাঁচ বৎসর অন্তর প্রজার ভূমি জরিপ করিয়া পাঁচ বৎসরের জন্যে প্রজার সঙ্গে জমিদার খাজনার বন্দবস্ত করিবেন। কোন জমিদার এই বন্দবস্তের অধিক কর সংগ্রহ করিতে পারিবেন না, অথবা বিশেষ কারণ না দর্শাইলে কোন জমিদার এই পাঁচ বৎসরের মধ্যে কোন প্র...কে উচ্ছেদ করিতে পারিবেন না। জমিদারেরা সংগৃহীত রাজস্বের উপর শতকরা ... চৌধুরি অর্থাৎ যাহারা খাজনা সংগ্রহ করে তাহারা শতকরা ৫ টাকা কমিশন পাইবে।

—বর্ত্তমান সময়ে বলগরিয়ার কোন স্থানে কত তুর্ক সৈন্য রহিয়াছে এক খানি জার্ম্মেনী সম্বাদ পত্রে তাহার এই রূপ তালিকা প্রকাশিত হইয়াছে। উইডিনের সর্ব্ব পশ্চিমে ৮ কি ১০ হাজার সৈন্য আছে। সার্ব্বিয়ার চতুর্দ্দিকে ও কামারলিতে আন্দাজ ৩০ হাজার সৈন্য আছে। শিপকাপাশে ১০ হাজার সৈন্য আছে। বিত্রোয়ার নিকট ৩০ হাজার সৈন্য আছে। লোম নদীর ও দিকে যে দুর্গ চতুষ্টয় আছে এবং যাহাকে সামলা সৈন্য বলিয়া লোকে ব্যাখ্যা করে, সেখানে ৮০ হাজার সৈন্য আছে, সুতরাং প্লেবনা পতনের পরেও বলগরিয়াতে তুর্কির যে সৈন্য আছে তাহাতে সুলতান ইচ্ছা করিলে এখনও সেখানে কিছু দিন যুদ্ধ করিতে পারেন।

—এক খানি রুসিয় সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, বর্ত্তমান যুদ্ধে রুস সৈন্যদিগের ৭০হাজার লোক হত ও আহত হইয়া নষ্ট হইয়াছে, অর্থাৎ সমুদায়রুশ সৈন্যের এক শত ভাগের ২০ ভাগ ক্ষয় হইয়াছে, কিন্তু পূর্ব্বে রুশিয়ার যে সমুদয় যুদ্ধে ব্যাপৃত হইতে হইয়াছিল তাহাতে যত সৈন্য নষ্ট হয় তাহার সঙ্গে তুলনা করিলে এবার নিতান্ত অধিক ক্ষতি হয় নাই। ফিডলাণ্ডেতে রুশিয়দের যে যুদ্ধ হয় তাহাতে ২৫ হাজার এবং বরো- ডিনোতে রুশদিগের ৫০ হাজার সৈন্য নষ্ট হয়। রুশিয়াতে বৎসর বৎসর যেরূপ লোক সংখ্যা বৃদ্ধি হয়, পৃথিবীর অনেক দেশে এরূপ বৃদ্ধি হয় না, সুতরাং ৭০ হাজার লোক নষ্ট হওয়াতে রুশিয়ার অতি সামান্য ক্ষতি হইয়াছে। এখন রুশিয়ার যেরূপ বৃদ্ধি পৃথিবীর কোন জাতির এরূপ বৃদ্ধি নাই, সুতরাং এ সময় যে জাতি রক্তপাত করে রক্তবীজের ন্যায় সে জাতির তত বল বৃদ্ধি হয়।

—যে মান্দ্রাজে অন্নাভাবে লক্ষ লক্ষ লোক মৃত্যু গ্রাসে পতিত হয়, সেই মান্দ্রাজে এখন এত অন্নের সচ্ছলতা হইয়াছে যে সেখান হইতে চাউল আপাতত অন্যত্র রপ্তানি হইতে আরম্ভ হইয়াছে। গবর্ণমেণ্ট সেখানে এত চাউলের আমদানি করেন যে, আপাতত উহা নিলাম করিয়া বিক্রয় করিতে হইতেছে। মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত গবর্ণ- মেণ্ট কোটি২ টাকা ব্যয় করিয়াছেন, সেখানে অনশনে কোটি২ লোক মরিয়াছে, এবং বিস্তর টাকার তণ্ডুল নষ্ট হইয়াছে। গবর্ণমেণ্টের অপব্যয় দ্বারা দেশ কর ভারাক্রান্ত হইতেছে, আবার তাহাদের তাচ্ছিল্যের দ্বারা অনশনে লোক মৃত্যু গ্রাসে পতিত হইতেছে, অথচ কর্ত্তৃপক্ষীয়েরা ইহা জানিয়াও ইহার কোন প্রতিবিধান করিতেছেন না।

—নাগা পর্ব্বত হইতে সম্বাদ আসিয়াছে যে, মঝামার নিকটবর্ত্তী গ্রামবাসী নাগারা ব্রিটিশ গবর্ণমেণ্টের শরণাগত হইয়াছে এবং মঝামার প্রধান ব্যক্তি গোলযোগ মিটাইবার নিমিত্ত যত্ন করিতেছে। সম্ভবতঃ যুদ্ধের সত্বর শেষ হইবে। কার্ণেগি সাহেব ক্রমে আরাম হইতেছেন।

—ব্রিটিশ গবর্ণমেণ্ট ভারতবর্ষের সাগর ও নদীর কুল রক্ষার নিমিত্ত বিশেষ যত্নশীল হইয়াছেন। কি উপায়ে ইহা সুসিদ্ধ হইতে পারে তাহা নির্ণয় করিবার নিমিত্ত কলিকাতায় সত্বর জন কয়েক প্রধান সৈনিক পুরুষ সমবেত হইবেন। তাহারা সর্ব্ব প্রথম ভাগিরথী কুল কিরূপে রক্ষা করা যাইতে পারে তদ্ সম্বন্ধে পরামর্শ করিবেন।

—নাগা পর্ব্বত হইতে তারের সম্বাদে প্রকাশিত ... র্ণেগী জন পোলিশম্যান হত হইয়াছে। কোনামা নাগারা মিট মাট করিতে সম্মত হইয়াছে এবং অপর স্থানের নাগারাও ভদ্র ব্যবহার করিতেছে।

—মান্দ্রাজের স্থানে স্থানে আরো মৃত্যু সংখ্যা বৃদ্ধি হইয়াছে। দক্ষিণ ও উত্তর আরকট, বেলারি, কার্ণুল এবং মাদুরা প্রভৃতি স্থানে নবেম্বর মাসে ৬২৫০৮ জনের মৃত্যু হয়। পূর্ব্বমাস অপেক্ষা নবেম্বরে এই সমুদয় স্থানে ১৬৫১ জন লোকের মৃত্যু হয়। ষ্ট্রাচি সাহেবের বজেট শুনিয়া হয়ত এখানে মৃত্যু সংখ্যা আরো বৃদ্ধি হইবে।

—কোহাত হইতে ১৪ই তারিখে তারে সম্বাদ আসিয়াছে যে, কোহাতের ছয় মাইল দূর টওল নামক স্থানে ভয়ানক ডাকাইতি হইয়া গিয়াছে। ডাকাইতেরা সহসা উপস্থিত হইয়া এক জনকে হত্যা করে এবং ত্রিশটি গবাদি পশু হরণ করিয়া পলায়ন করে। ডাকা- ইতেরা বোধ হয় ৬০ জন হইবে, কিন্তু এ সমুদয় পশু তাহাদের নিকট হইতে কাড়িয়া লওয়া হয় এবং এক জন ডাকাইত বন্দী হইয়াছে। সমীপবর্ত্তী জাতির মধ্য হইতে অনেকে উপস্থিত হইয়া জোয়াকিদিগের সঙ্গে বিবাদ নিষ্পত্তি করার যত্ন করিতেছে, তবে এখনও পাকা কোন কথা স্থির হয় নাই।

—টেলিফোন যন্ত্রের স্রষ্টার নাম বেল সাহেব। তিনি যে আকারে টেলিফোন প্রস্তুত করেন ক্রমেই তাহার উন্নতি হইতেছে। পারিসের এক জন পণ্ডিত সম্প্রতি ইহার যেরূপ উন্নতি করিয়াছেন তাহাতে পূর্ব্বাপেক্ষা অনেক ব্যবধান হইতে ইহা দ্বারা বাক্যালাপ করিতে পারা যায়।

—ইটালি পরাধীন ছিল। পরে গারিবালডী প্রভৃতি অনেক বীর পুরুষ উহা উদ্ধার করেন। যখন ইটালিতে এই রূপ রাজবিপ্লব উপস্থিত হয় তখন সহসা ইটালিবাসীরা পূর্ব্বে যাহা ছিল তাহার প্রায় বিপরীত ভাব ধারণ করে। দেশের মধ্যে সাহস, বীরত্ব, দেশ হিতৈষিতা, স্বাধীন ইচ্ছা এরূপ প্রবল হইয়া উঠে যে তাহা দেখিয়া ইউরোপবাসীরা অবাক হন। এই সময় কতকগুলি লোকের স্বাধীনতার ইচ্ছা এরূপ প্রবল হয় যে, ... স্বাধীন পরাধীন কোন রূপ শাসনের অধীন থাকা তাহাদের পক্ষে অসম্ভব হইয়া উঠে। সুতরাং তাহারা দস্যুবৃত্তি অবলম্বন করে। এই দস্যুদের মধ্যে পেলোন নামক এক জন প্রধান সর্দ্দার ছিল। ইহার যত গুলি লোক ছিল ইটালি গবর্ণমেণ্ট তাহাদিগকে একে একে নিধন করেন। ফার্ডিনালড স্কারপাটি নামক এক জন ছিল সেও সম্প্রতি ধৃত হইয়াছে। ১৮৬১ খৃ অব্দে স্কারপাটি অপর ছয় জনের সাহায্যে এক জন ধনাঢ্য বণিকের সর্ব্বস্ব হরণ করে। এ ব্যক্তি অনেক গুলি নরহত্যা করে। এই সমুদয় দুষ্কর্ম্ম করিয়া ১৮৭০ খৃ অব্দে রোমে পলায়ন করে। সেখানে রাজনৈতিক গোল- যোগ উপস্থিত হওয়াতে সে নেপলসে আগমন করে। তাহাকে ধৃত করিবার নিমিত্ত কর্ত্তৃপক্ষীয়েরা বিস্তর যত্ন করেন, কিন্তু কোন মতে সে ধরা পড়ে না। নেপলসের যে স্থানে সে পূর্ব্বে ডাকাইতি ও নরহত্যা করে সেখানে আসিয়া সে অবস্থিতি করিতে থাকে। কিন্তু এই স্থানবাসীরা তাহাকে এত ভয় ও ভক্তি করিত যে, কেহ তাহাকে পোলিশের হাতে প্রদান করিতে সম্মত হয় না। শেষে এরূপ গোপনে জীবন যাপন করা তাহার পক্ষে অসম্ভব হইয়া উঠে এবং সে এই কষ্ট সহ্য করিতে না পারিয়া আপনি ইচ্ছা করিয়া পোলিশকে ধরা দেয়। এই দস্যুর কতকগুলি পুত্র ও এক বৃদ্ধ মাতা আছে। মাতার বয়স ১০৪ বৎসর হইয়াছে। ধরা দেওয়ার পূ... সে কর্ত্তৃপক্ষীয়দের নিকট প্রার্থনা করে যে তাহার কারাগারে গমনে পূর্ব্বে তাহার মাতাকে সে যেন দেখিতে পায়। কর্ত্তৃপক্ষীয়েরা তাহার এই প্রার্থনা গ্রাহ্য করেন এবং কারাগারে গমনের পূর্ব্বে সে তাহার মাতাকে দর্শন করে। স্কারপাটি ধরা পড়িয়াছে শুনিয়া বিস্তর লোক তাহাকে দর্শন করিতে আইসে! তাহার দুই পুত্র উপস্থিত হইয়া তাহাকে আলিঙ্গন করে। এ ব্যক্তি ইতিপূর্ব্বে কয়েক বার ধৃত হয় কিন্তু কেহ তাহাকে কারাগারে আবদ্ধ করিয়া রাখিতে পারেন নাই।

—দিল্লি কালেজ পুনঃস্থাপনের নিমিত্ত ২৫ হাজার টাকা চাঁদা সংগৃ- হীত হইয়াছে। গবর্ণমেণ্ট এই কালেজটী বন্ধ করিয়া অবিচার করিয়াছেন তাহা বোধ হয় সকলেই স্বীকার করিবেন। আবার দিল্লিবাসীরা আপন যত্নে এই কালেজটী পুনঃসংস্থাপন করিতে পারেন তাহা হইলে কেবল যে উদ্দেশে এই বিদ্যালয় বন্ধ করেন গবর্ণ- মেণ্টের সে উদ্দেশ্য বিফল হইবে না, রাজপুরুষদিগের অবিচার আরো প্রকাশিত হইবে।

—পাইওনিয়ার তারে সম্বাদ পাইয়াছেন যে, পূর্ব্বে যমুনা ও ইউ- ফ্রেটিশ প্রভৃতি যে সমুদয় রণতরী ইংলণ্ডের আদেশ ক্রমে পথে স্থগিত করা হয় তাহা আর মালটাতে থাকিবে না। ইংলণ্ডে যেরূপ যাইতে- ছিল তাহাই যাইবে।

—কনেষ্টেণ্টিনোপলে সকলের বিশ্বাস যে, নিতান্ত বিপদ উপস্থিত হইলে ইংরাজেরা তাহাদের সাহায্য করিবেন এবং কেবল এই সাহায্যের নিমিত্ত ইংলিশ গবর্ণমেণ্ট এত শীঘ্র পালিয়ামেণ্টের অধিবেশন করিয়া ছেন। ইংরাজদিগের প্রতিনিধি লেয়াড সাহেব ও কনেষ্টেণ্টিনোপোল বাসীদিগকে এই ভরসা দিতেছেন। আমরা জানি না ইংরাজেরা প্রকৃত কনেষ্টেণ্টিনোপলবাসীদিগকে কোন রূপ সাহায্য করেন কি না। সম্ভবতঃ

SCRAPS AND COMMENTS.

While the invention of the telephone is being now welcomed everywhere as an epoch in scientific progress, it is interesting to learn, as a contemporary says, that rude string telephones have been in actual use in Ceylon and Southern India for many centuries. The Singhalese inhabitants and the Tamil labourers in the central regions of Ceylon still talk to one another across the broad deep valleys, that intersect the country, by a telephone of the most primitive type. The ends are knocked out of two old preserved m... tins. One end of each tin is covered with bladder or skin. A small hole is made in the centre of each bladder drum-head, through which a piece of string is introduced to fit neatly. The string is kept in its place by a little slip of wood round which it is tied, and the Ceylon telephone is complete. In using it the person who talks puts one cylinder tightly to his mouth, while the person who listens places the other cylinder close to his ear. In Ceylon the natives say they can talk in this way for three-quarters of a mile. At Madura some buildings are now in progress, and the masons, as a matter of course, have fitted up a string telephone, through which they convey their orders to the workmen below.

The *Pioneer* has "good grounds for believing that the dismissal of Sir Salar Jung's Private Secretary is only one, and a comparatively unimportant, incident in a chain of recent events affecting the relations between the Government of India and the Court of Hyderabad, which, being under the consideration of the Secretary of State, cannot conveniently be discussed at present." So we have more surprises in store for us. Mr. Aitchison cannot soon forget Sir Salar Jung.

It is worthy of note that the decisive battles of the five great wars in Europe in the last twen[ty] ...ee years have been fought at places the names ... which commence with the letter S. We refer to Sebastopol, Solferino, Sawa, Sedan, and Schipka.

Some time ago the Indian Government forwarded to England for experiment 100 tons each of coal and iron ore from the Warora beds in the Central Provinces. A portion was handed over to Mr. Ireland of Manchester, who forthwith instituted a series of trials with different processes. We are told that these experiments have succeeded in placing beyond question the capacity of India to supply at least a portion of her requirements for steel goods.

The news is still meagre from the Border expeditions, and the Nagas seem to have little difficulty in evading attack or pursuit. With the fire-arms they now possess, they contrive to give English troops a good deal of annoyance, without inflicting much real injury. Concealed amid thick jungle, they fire at their men, and before they can be reached, escape under the impenetrable cover, only to recommence firing from a new locality. It is expected that another of their principal villages, Konoma, which it was hoped would come to an agreement, will have to be destroyed, before much progress can be made towards a settlement. The Jowakis as yet shew no signs of submitting, and although it is stated that some neighbouring tribes have sent in deputations to intercede for them; no negociations have have resulted. Outrages continue to be reported from the Kohat neighbourhood. Some grass-cutters have been surprised and killed, and only one of the raiders was captured. Two police constables were wounded on the 12th instant at Nowshera. A sepoy in the Turki camp was shot dead the same night, and next night shots were fired at the camp at Shergasha. A fresh movement of the troops was began on the 15th instant, into the Nara defile and the Pustaoni valley. The Peshawur force reached Pustaoni on the 15th, with one casuality, and on the 16th., proceeded to meet the Kohat force at Mellai. The whole of the Jowaki country will then have been visited and surveyed.

Telephones are coming into practical use in India. One has been established between Shergasha and. Peshawur.

The telephone has just undergone improvement at the hands of a Frenchman, Mr. Trouve, the result of which is that the sound is heard louder, and can be carried to a much greater disstance.

The Chinese are so jealous of foreigners that they have determined not to encourage railways. The work of demolishing the Shanghai and Woosung railways, is going on rapidly, the rails having been taken up for some distance, and two of the engines taken to pieces. The whole is to be shipped off shortly to Formosa.

The Akhund of Swat is dead. He was a powerful and pious Mahomedan ruler beyond our frontier and near Cabul. The Mussulmans of Asia regarded him as a sort of oracle and a saint of the highest type, in importance next even to Mahomet. He is believed to have worked miracles in his life time and effected many cures. His habits were simple and his diet rigidly abstemious. The extent of his influence may be conceived from the fact that the Amir of Cabul and all neighbouring rulers used to consult him whenever an important political move was contemplated. The Akhund was a politician as well, and his views were chiefly remarkable for being intensely anti-English. He was one of the bitterest opponents of the British Government. Nevertheless as an enemy, he was always honourable and straightforward. His piety, benevolence, and wisdom secured to him the loyalty and admiration of all Mahomedans from one end of Central Asia to the other. There are gentlemen—Mahomedans, of course—in India who regarded him as their chief oracle.

A correspondent writes to the *Indian Mirror* from French Chandernagore :—"While the whole of the English dominion in India is groaning under taxation, the inhabitants of this station are nearly, if not entirely free, from it, and if Mr. Bright had chosen, he could have cited it as an example in his address at Manchester." What a comment this on the English Government in India. !

The *Indian Railway Gazette,* after viciously libelling the Editor of the *Madras Athenaeum,* concludes its article with the following paragraph :"We know we have written strongly, and we have done so to give Mr. Trant an opportunity of taking us into Court if he *dare.* We expect he will lash himself into a furious rage, and waste a lot of valuable time over us ; but we can assure him that we consider him a very wretched specimen of humanity."

A correspondent writes about Osman Pasha from Bucharest under date Dec. 26 :—

Osman Pasha arrived here this evening. He occupies a suite of three rooms on the first floor of the Grand Hotel Brofft. He is accompa[ni]ed by his surgeon, wh[o] acts as interpreter, as Osman himself speaks nothing but Turkish. He has also several Ottoman attendants besides the Russian Staff officer who has charge of the captive here. A guard of honour paces up and down corridor opening on Osman's apartments. No demonstrations were made on the arrival of the party in Bucharest. The hour and minute of Osman's arrival here had been mentioned so often during the past week that people had ceased to credit the many announcements, and, therefore, the general public knew nothing of the arrival until the distinghuished guest was quietly ensconced in his apartments. When Osman reached the landing of tho hotel, a little Roumanian girl stepped forward, and presented him with a beautiful bouquet of flowers. The tiny donor was lifted up by the physician of the Marshal, and the defender of Plevna bestowed a hearty kiss upon the lips of the little lady. Osman appeared greatly touched by this incident.

The Russian papers, which are not allowed to publish anything unless it has passed the official censor, have lately assumed a tone of defiance towards England which is worthy of notice. Thus the *Novoe Vremya* writes .—

What can England do ? Strengthen the garrison of Malta ? Land 30,000 troops at Gallipoli ? Send an army to Constantinople, or a squadron to Batoum ? For all these undertakings some astute diplomatic combinations are necessary which we may safely ignore, as we know their real meaning. Let us suppose the worst. Let England hand us an ultimatum to the effect that she would regard the crossing of the Balkans as a *casus belli.* Such an ultimatum would certainly not cause us any anxiety. We have ourselves stopped navigation in the Black Sea, and the winter speedily do so in the Baltic ; while to land troops in these days of torpedoes and long range rifles, is, as Mr. Hardy himself lately remarked, almost impossible. All, then, that England can do is to support Turkey with a handful of troops ; but a few thousands more could only prolong the war and increase the bloodshed, without doing us any harm otherwise. We have purposely made no mention here of India and the cruisers which might be sent out of the American ports into the Atlantic, as in Europe alone we have sufficient means of checking England's warlike propensities.

Whilst in the *Golos* we find :—

